

অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ আহরণ সংক্রান্ত স্থায়ী কমিটির এপ্রিল/২০২২ মাসের
সভার কার্যবিবরণী :

সভাপতি	: জনাব ফাতেমা মনির, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
স্থান	: উপজেলা প্রকৌশলীর কার্যালয় নারায়ণগঞ্জ।
তারিখ	: ২৮-০৪-২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১:৩০ ঘটিকা।

আলোচ্যসূচী :

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত।
২. বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সভাপতি	স্বাক্ষরিত
০২	চেয়ারম্যান, এনায়েতনগর ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, গোগনগর ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৪	সদস্য, ৬নং ওয়ার্ড, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে পারস্পরিক শুভেচ্ছান্তে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে গত সভার সিদ্ধান্ত ও এ সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানান।

আলোচ্য বিষয় গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ :	বিবরণী	: সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে পারস্পরিক শুভেচ্ছা বিনিময়ের পরে উপজেলা পরিষদের স্ট্যাভিং কমিটি (অর্থ বাজেট, পরিকল্পনা, স্থায়ী সম্পদ আহরণ এর উৎস সংক্রান্ত সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান।
	সিদ্ধান্ত	: আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।
	বাস্তবায়ন	: কমিটির সকল সদস্য

অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অধ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদের রাজস্ব বৃদ্ধি সংক্রান্ত আলো	বিবরণী	: ক) গত অর্থ বছরের (২০২০-২০২১) অর্থ সঠিকভাবে ব্যয় হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। খ) বর্তমান অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা গ) রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে সবাইকে গঠনমূলক বিভিন্ন দিক নির্দেশনা প্রদান। ঘ) বাসা বাড়ি নিয়ম অনুযায়ী বরাদ্দ দিয়ে ভাড়া আদায়ের ব্যবস্থা করা; ঙ) বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দকৃত অর্থের বিপরীতে জনকল্যানমুখী প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন; চ) হাট বাজার ইজারা প্রদানের বিষয়ে আলোচনা;
	সিদ্ধান্ত	: ক) বর্তমান অর্থ বছরের (২০২২-২০২৩) অর্থ সঠিকভাবে এবং নির্ধারিত সময় সীমার মধ্যে ব্যয় হওয়ায় বিষয়ে সকলকে সচেতন থাকার বিষয়ে নির্দেশনা প্রদান। খ) বর্তমান অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ নিয়ে অগ্রাধিকার ভিত্তিতে জনকল্যানমুখী প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। গ) রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে সবাইকে গঠনমূলক বিভিন্ন দিক নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। ঘ) বাসা বাড়ি নিয়ম অনুযায়ী বরাদ্দ দিয়ে ভাড়া আদায়ের বিষয়ে মনিটরিং করার বিষয়ে

		সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নির্দেশনা প্রদান। ঙ) বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দকৃত অর্থের বিপরীতে জনকল্যানমুখী প্রকল্প গ্রহণ করে তা নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়নে সকলের সহযোগিতা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। চ) প্রতিবছর নির্ধারিত সময় সীমার মধ্যে হাট বাজার ইজারা নীতিমালা মোতাবেক ৩০ শে চৈত্রের আগেই হাট বাজার ইজারা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
বাস্তবায়ন	:	ক) উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদর। খ) কমিটির সকল সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফাতেমা মনির)
 মহিলা ভাইস চেয়ারম্যান,
 উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর
 ও
 সভাপতি
 অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ আহরণ
 সংক্রান্ত স্থায়ী কমিটির, নারায়ণগঞ্জ সদর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা প্রকৌশলীর কার্যালয়
 (স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ)
 নারায়ণগঞ্জ সদর।

স্মারক নং- ৪১.০১.৬৭০৬.০০০.০৬.০৬৭.২০-

তারিখ : ২৮.০৪.২০২২ খ্রিঃ

অনুলিপি ৪ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ২০৭, নারায়ণগঞ্জ-৪।
২. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর।
৬. উপজেলা, সদর নারায়ণগঞ্জ।
৭. চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
৮. অফিস কপি।

Swatun
 28.04.2022
 (মোসা: শামসুন নাহার)
 উপজেলা প্রকৌশলী

ও
 সদস্য সচিব
 অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ আহরণ
 সংক্রান্ত স্থায়ী কমিটির, নারায়ণগঞ্জ সদর